

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩১ঃ৩৪২৮(শৃঙ্খলা)(১৬-১৭)/ ২০১৮-২০১৯/

তারিখঃ ১২.০৫.২০১৯ ইং

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ রুহুল আমিন খান, পরিদর্শক (বরখাস্তকৃত), বিকেবি, ঝাউদিয়া শাখা, কুষ্টিয়া, ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, দৌলতপুর শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৬১/১৬-১৭ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ৩১.০৫.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ ৩১ঃ ৩৪২৮/২০১৬-২০১৭/৩৯৭৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ রুহুল আমিন খান আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন্দ্র আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ০১.১১.২০১৮ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩১ঃ৩৪২৮(শৃঙ্খলা)(১৬-১৭)/২০১৮-২০১৯/১৩৪৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ রুহুল আমিন খান আপনাকে গুরু দণ্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ রুহুল আমিন খান আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

## ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

বর্তমান ঠিকানা  
জনাব মোঃ রুহুল আমিন খান (আর-১০২৬)  
পরিদর্শক (বরখাস্তকৃত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
ঝাউদিয়া শাখা  
কুষ্টিয়া।


স্থায়ী ঠিকানা  
জনাব মোঃ রুহুল আমিন খান  
পিতামৃত-রওশন আলী খান  
গ্রামঃ রানাখড়িয়া, ডাকঘর-তালবাড়িয়া  
থানাঃ মিরপুর, জেলা-কুষ্টিয়া।

**স্বাক্ষরিত**  
(লুৎফুন নাহার নাজ)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩১ঃ৩৪২৮(শৃঙ্খলা)(১৬-১৭)/ ২০১৮-২০১৯/ ৩৪৭৫(১)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

তারিখঃ ১২.০৫.২০১৯ ইং

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (পেনশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।
- ১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, ঝাউদিয়া শাখা, কুষ্টিয়া। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ রুহুল আমিন খান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। ইহাছাড়া, জনাব মোঃ রুহুল আমিন খান-কে পাওয়া না গেলে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারা উহা গ্রহণে অস্বীকৃতি জানাইলে ২ জন সাক্ষীর উপস্থিতিতে তাহার স্থায়ী ঠিকানার বসতবাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে লটকাইয়া জারী করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১৩। ব্যবস্থাপক, বিকেবি, দৌলতপুর শাখা, কুষ্টিয়া।
- ১৪। নথি/ মহানথি/ মূলনথি।

  
১২/০৫/২০১৯  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক